

রিগাল-বেলয়েট কর্পোরেশন

কর্পোরেট আইনবিষয়ক

100.103 বিরোধপূর্ণ খনিজ বিষয়ক নীতি

এই দলিলটি নিয়ন্ত্রিত এবং এটি ইলেকট্রনিক আকারে প্রকাশ করা হয়েছে। www.regalbeloit.com/Governance-এ (রিগাল কর্পোরেট গভর্নেন্স ইন্টারনেট সাইট) যে সংস্করণটি আছে সেটি হালনাগাদকৃত দলিল। কাগজে মুদ্রিত কপিগুলি নিয়ন্ত্রিত নয় এবং সেগুলি হালনাগাদকৃত নাও থাকতে পারে। কাগজে মুদ্রিত কপি ব্যবহারকারীদের উচিত সংস্করণটি ইলেকট্রনিকভাবে নিয়ন্ত্রিত সংস্করণের সাথে মিলিয়ে দেখা। 2014-জুন

রিগাল-বেলয়েট বিরোধপূর্ণ খনিজ বিষয়ক নীতি

সততা হল রিগালের তিনটি প্রধান মূল্যবোধের একটি। আমরা নৈতিক ও সামাজিকভাবে দায়িত্বশীল আচরণের উচ্চতম মানের প্রতি দায়বদ্ধ, এবং বিরোধপূর্ণ খনিজের খনন, পরিবহন এবং কেনাবেচার সাথে সংশ্লিষ্ট মানবাধিকার লঙ্ঘনকে আমরা ক্ষমা করি না। আমরা দ্যা ইলেকট্রনিক ইন্ডাস্ট্রি সিটিজেনশিপ কোয়ালিশন ("ইআইসিসি") এবং গ্লোবাল ই-সাস্টেনেবিলিটি ইনিশিয়েটিভ ("জিইএসআই")-এর প্রচেষ্টাকে সমর্থন করি এটি অনুরোধ করার জন্য যে কোম্পানিগুলি তাদের সাপ্লাই চেইনের বিষয়ে যথাযোগ্য অনুসন্ধান করে আশ্বস্ত করতে যে তারা ডেমোক্রেটিক রিপাবলিক অফ কঙ্গো এবং তারা আশেপাশের অঞ্চলে অবস্থিত "বিরোধের অধীনে অঞ্চল" নামে বর্ণিত কোন স্থান থেকে কিছু কিছু খনিজ পদার্থ আনয়ন করছে না।

আমাদের এই দায়বদ্ধতার কারণে আমরা আমাদের সরবরাহকারীদের সাথে কাজ করে আমাদের সবকটি পণ্যদ্রব্যের উপাদানের সামগ্রী অনুসন্ধান করব যাতে আমরা নির্ণয় করতে পারি যে বিরোধপূর্ণ অঞ্চল থেকে খনন এবং আকর গলানোর কার্য-উদ্ভূত খনিজগুলি আমাদের পণ্যদ্রব্যে ব্যবহার করা হচ্ছে কি না। আমরা বিরোধপূর্ণ অঞ্চল থেকে আসা খনিজগুলি জ্ঞাতসারে আমাদের পণ্যদ্রব্যে ব্যবহার করব না। ফলশ্রুতিতে, আমাদের সরবরাহকারীরা যাতে আমাদেরকে সরবরাহ কৃত পণ্যদ্রব্যগুলির উপাদানের সামগ্রী অনুসন্ধান করে দেখেন যে এগুলো এক বিরোধমুক্ত সার্টিফাইড আকর গলানোর স্থান থেকে এসেছে এবং তারা তাদের অনুসন্ধানের প্রচেষ্টার সম্বন্ধে আমাদেরকে কাগজপত্র প্রদান করবেন সেটি নিশ্চিত করা আমাদের আবশ্যিক। আমাদের এছাড়াও নিশ্চিত করা প্রয়োজন হবে যে আমাদের সরবরাহকারীরা পণ্যের উপাদান, অংশ, বা টিন, ট্যান্টালাম, টাংস্টেন এবং/বা সোনা থাকা পণ্যদ্রব্যগুলি এমন উৎস থেকে নিয়ে আসবেন যা বিরোধ-মুক্ত এলাকা হিসাবে চিহ্নিত। এই বিষয়ে আমাদের সরবরাহকারীদের দায়বদ্ধতা ও কার্যকলাপের বিবরণ পেতে এবং তার উপর নজর রাখতে আমরা প্রমীত ইআইসিসি-জিইএসআই কনক্লিস্ট মিনারালস রিপোর্টিং টেমপ্লেটটি ব্যবহার করব।

বিরোধপূর্ণ খনিজ সংক্রান্ত বিষয়ে রিগাল-এর যথাযথ পদক্ষেপ সকল উপকরণের জন্যই *দ্যা অর্গানাইজেশন ফর ইকোনোমিক কো-অপারেশন এন্ড ডেভেলপমেন্ট ডিউ ডিলিজেন্স গাইডেন্স ফর রেসপন্সিবল সাপ্লাই চেইন অব মিনারেলস ফ্রম কনক্লিস্ট-এ্যাফেক্টেড এন্ড হাই রিস্ক এরিয়াস-এর সাথে সামঞ্জস্য রেখে প্রণীত: দ্বিতীয় সংস্করণ*-এর মধ্যে রয়েছে সোনা, টিন, ট্যানটালাম ও টাংস্টেন সংক্রান্ত সম্পূর্ণক উপকরণসমূহ ("ওইসিডি নির্দেশনা")। রিগাল ওইসিডি ডিউ ডিলিজেন্স গাইডেন্স এর পাঁচটি ধাপের সবগুলোই গ্রহণ করেছে, যাতে রয়েছে ব্যবস্থাপনা পদ্ধতি, আমাদের সাপ্লাই চেইনের ঝুঁকি চিহ্নিত ও নিরূপণ করার প্রক্রিয়া, চিহ্নিত ঝুঁকিসমূহ মোকাবেলা ও ঝুঁকি

কর্মবিভাগ/ব্যবসায়িক ইউনিট:	আইনবিষয়ক/সাপ্লাই চেইন
লেখক (পদ, বিভাগ)	গ্রেগ ল্যাঙ্কম্যান ম্যানেজার, কমপ্লায়েন্স অ্যান্ড টেকনিক্যাল সাপোর্ট - সাপ্লাই চেইন
জারি করার তারিখ:	2 জুন 2014
কত ঘনঘন পর্যালোচনা করা হয়:	বার্ষিক
যেসব ভাষায় প্রকাশ করা হয়েছে:	সাঙ্কেতিক ভাষাগুলি

ব্যবস্থাপনা এবং কনক্লিক্ট ফ্রি স্মেল্টার প্রোগ্রাম (সিএফএস) এর যথাযথ প্রক্রিয়া গ্রহণ।

আমরা শুধু সেই কোম্পানিগুলির সাথে ব্যবসা করতে দায়বদ্ধ যারা আমাদের মত একই মূল্যবোধগুলি পোষণ করেন। আমরা এই নীতিটি আমাদের সরবরাহকারীদেরকে অবহিত করব এবং তাদের নিজস্ব সাপ্লাই চেইনের জন্যও একই ধরনের নীতি প্রণয়ন করতে বলব।

এই নীতি সম্বন্ধে সরাসরি যেসব প্রশ্ন রয়েছে তা integrity@regalbeloit.com-ইমেইল ঠিকানায় অথবা স্থানীয় সাপ্লাই চেইন নিয়ন্ত্রক ব্যক্তিকে জানান।

কর্মবিভাগ/ব্যবসায়িক ইউনিট:	আইনবিষয়ক/সাপ্লাই চেইন
লেখক (পদ, বিভাগ)	গ্রেগ ল্যাঙ্কম্যান ম্যানেজার, কমপ্লায়েন্স অ্যান্ড টেকনিক্যাল সাপোর্ট - সাপ্লাই চেইন
জারি করার তারিখ:	2 জুন 2014
কত ঘনঘন পর্যালোচনা করা হয়:	বার্ষিক
যেসব ভাষায় প্রকাশ করা হয়েছে:	সাঙ্কেতিক ভাষাগুলি